গেট অপারেটরকে শোকজ করায় প্রকৌশলীকে মারধরের হুমকী

ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডে আউট সোর্সিংয়ের মাধ্যমে কর্মরত দুই কর্মচারীর বিরুদ্ধে অফিস ফাঁকি দেয়াসহ অফিসের শৃংখলা ভঙ্গের অপরাধে মোখলেছুর রহমান ও তৈমুর রহমান টিপু নামে দুই গেট অপারেটরকে শোকজ নোটিশ জারি করা হয়েছে। এই শোকজ নোটিশ পাওয়ার পর ক্ষুদ্ধ হয়ে গেট অপারেটর তৈমুর রহমান টিপু উপ-সহকারী প্রকৌশলী হাবিবুর রহমানকে গালিগালাজ করে মারতে উদ্যোত হন।

গতকাল বুধবার ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডের ২০৯ স্মারকের একটি চিঠিতে আউটসোর্সিংয়ে কর্মরত দুই কর্মচারীর ওদ্ধ্যত্যের কথা উঠে এসেছে। অভিযোগ উঠছে ২০২২ সালের পহেলা মে ঢাকার জেমসন্স ট্রেডিং এজেন্সি ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডে আউটসোর্সিংয়ের মাধ্যমে ২৩ জন কর্মচারী সপ্লাই করে। যোগদানের পর থেকে এ সব কর্মচারীদের কেউ কেউ অফিস না করেই বেতন উত্তোলন করতেন বলে অভিযোগ।

২০২৩ সালের পহেলা জানুয়ারি থেকে নিয়ন্ত্রন কর্তৃপক্ষ হিসেবে ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ড আউটসোর্সিংয়ে কর্মরতদের দেখভাল করছেন। দায়িত্ব পাওয়ার পর থেকে দেখা যায় গত ১২ জানুয়ারি থেকে অদ্যবধি গেট অপারেটর মোখলেছুর রহমান কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তিনি পানি উন্নয়ন বোর্ডের এক্সটেনশন অফিসার মোতালেব হোসেনের ভাই এবং সিরাজগঞ্জের সলঙ্গা উপজেলার চড়িয়া শিকার উত্তরপাড়া গ্রামের আব্দুল ইউসুফের ছেলে। ভাই অফিসার হওয়ার কারণে মোখলেছুর রহমান ডিউটি না করেই বেতন তোলেন বলে অভিযোগ।

বিষয়টি পানি উন্নয়ন বোর্ড কর্তৃপক্ষ জানতে পেরে গত ১৬ জানুয়ারি ২০৭ নং স্মারকের একটি চিঠিতে কারণ দর্শানোর নোটিশ জারি করেন। অন্যদিকে ১৭ জানুয়ারি আরেক গেট অপারেটর হরিণাকুন্ডু উপজেলার নিত্যানন্দনপুর গ্রামের আমিরুল ইসলাম ঠান্ডুর ছেলে তৈমুর রহমান টিপু কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে শোকজ করেন উপ-সহকারী প্রকৌশলী হাবিবুর রহমান। এই শোকজ চিঠি জারির পর টিপু ক্ষুদ্ধ হয়ে অফিসে এসে প্রকৌশলী হাবিবুর রহমানকে অকথ্য ভাষায় গালিগালাজ করেন এবং তার পিতা আমিরুল ইসলাম ঠান্ডুকে নিয়ে মারধর করতে উদ্যোত হন।

চিঠিতে উল্লেখ করা হয় টিপুর এমন সন্ত্রাসী কর্মকান্ডে অফিসে উপস্থিত কর্মকর্তা কর্মচারিরা হতবাক ও আমি নিজেও ভীত সন্ত্রস্ত্র হয়ে পড়ি। এ বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য উপ-সহকারী প্রকৌশলী হাবিবুর রহমান জেমসন্স ট্রেডিং এজেন্সির পরিচালক আবু সাইদকে গতকাল বুধবার ২০৯ স্মারকে একটি চিঠি দিয়েছেন।

চিঠিতে উল্লেখ করা হয়েছে গেট আপারেট টিপুকে সতর্ক করার করণে এমন ওদ্ধত্যমুলক আচরণ আউটসোর্সিং কাজের উদ্দেশ্য ব্যহত হবে। এ ব্যাপারে গেট অপারেটর মোখলেছুর রহমান ও তৈমুর রহমান টিপুর বক্তব্য জানতে তাদের মুঠোফোনে ফোন করা হলে বন্ধ পাওয়া যায়।

বিষয়টি নিয়ে উপ-সহকারী প্রকৌশলী হাবিবুর রহমান গতকাল বুধবার বিকালে জানান, তারা কাজে অনুপস্থিত থাকেন বলেই তাদের শোকজ করা হয়েছে। তিনি বলেন গত মঙ্গলবার বিকালে তৈমুর রহমান টিপুকে শোকজ করায় তিনি আমাকে অকথ্য ভাষায় গালিগালাজ করেন ও মারতে উদ্যোত হন। বিষয়টি তাদের নিয়োগ কর্তৃপক্ষকে চিঠি দিয়ে জানানো হয়েছে।

মুজিবনগরের ভবেরপাড়ায় মধ্যরাতে ইলেকট্রিক দোকানে আগুন

মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামে গতকাল বুধবার দিবাগত রাত ১২:৩০ সময় ইলেকট্রিক মেকানিক্স এর দোকানে হঠাৎ আগুন লাগার ঘটনা ঘটে ।

স্থানীয় লোকজন আগুন নেভানোর চেষ্টা করে এবং মুজিবনগর ফায়ার সার্ভিস স্টেশন কে খবর দেয় । মুজিবনগর ফায়ার সার্ভিস দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আনে।

দোকানের মালিক মনির হোসেন বলেন, বৈদ্যুতিক ত্রুটি থেকে আগুন লেগেছে বলে মনে হচ্ছে। কারণ আমি দোকান থেকে যাবার পরে মধ্যরাতে এ ঘটনা ঘটে। এতে আমার দেকানের সব মালামাল আগুনে পুড়ে যায়। যার

আনুমানিক ক্ষতির পরিমাণ ১,০০০০০(এক লক্ষ) টাকার অধিক।

মুজিবনগর ফায়ার সার্ভিস স্টেশন এর সাব স্টেশন অফিসার মোঃ শাহজাহান আলী বলেন, প্রাথমিকভাবে শর্ট সার্কিট থেকে আগুন লেগেছে বলে ধারণ করা হচ্ছে।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে শীতবস্ত বিতরণ

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে ৫শতাধিক শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেন।

বৃহস্পতিবার সকালে জেলা জাতীয় পার্টির কার্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে জেলা জাতীয় পার্টির সদস্য মামলত হোসেনের সঞ্চালনায় ও যুগ্ন আহবায়ক কেতাব আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহবায়ক আব্দুল হামিদ, প্রধান বক্তা হিসাবে বক্তব্য দেন আব্দুল মান্নান সদস্য, জেলা জাতীয় পার্টির অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা জাতীয় পার্টির সদস্য বাবলু হোসেন, কুতুব উদ্দিন, রুহুল আমিন সহ অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে সাত কোটি টাকা ব্যয়ে তিনটি প্রকল্পের উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলাতে প্রায় সাত কোটি টাকার তিনটি উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার এ প্রকল্পের উদ্বোধন করেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন। পকল্প গুলোর মধ্যে রয়েছে ৬৬ লক্ষ ২২ হাজার টাকা ব্যয়ে তেঁতুলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চার তলা ভবন, ৪২ লক্ষ ৪৫ হাজার ৫৩১ টাকা ব্যয়ে ইসলামপুর সড়ক উন্নয়ন ও ৫ কোটি ৫৭ লক্ষ ৪৭ হাজার ২৯৩ ব্যয়ে কাথুলী – কাজিপুর বাজার পর্যন্ত রাস্তা উন্নয়নকাজ।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেঁতুলবাড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, উপজেলা প্রকৌশলী ফয়সাল হোসেন, উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ গোলাম মোস্তফা, সাবেক সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

হোটেল আটলান্টিকা কাণ্ডের অন্যতম আসামি শাহজাহান গ্রেফতার

হোটেল আটলান্টিক কাণ্ড মামলার তদন্তে প্রাপ্ত সরাসরি জড়িত নাজনীন খান প্রিয়ার সহযোগী ক্যামেরা ম্যান এবং তার কথিত বয়ফ্রেন্ড শাহজাহান আলী ওরফে বেতার (২৪) কে আটক করেছে ডিবি পুলিশ।

গ্রেফতারকৃত শাহজাহান আলী মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর পূর্বপাড়ার এসকেন আলীর ছেলে।

মঙ্গলবার ডিবির একটি টিম ঢাকার রুপনগর থানা এলাকা থেকে তাকে গ্রেফতার করে মেহেরপুরে নিয়ে আসে। পরে গতকাল বুধবার বিকালে মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট মো: তারিক হাসানের আদালতে হাজির করা হলে। বিজ্ঞ বিচারকের খাসকামরায় শাহজাহান আলী ফৌজদারী কার্যবিধির ১৬৪ ধারায় জবানবন্দি প্রদান করে।

আসামী শাহজাহান তার জবানবন্দিতে আটলান্টিক হোটেলে অনৈতিক কাজের

ভিডিও ধারন করে ব্লাকমেইলিং করে চাঁদা দাবি ও আদায়ের কথা স্বীকার করে এবং তার সহযোগী অপরাপর আসামীদের নাম উল্লেখ করে।

ডিবির ওসি সাইফুল আলম জানান, মামলার ঘটনা সম্পর্কে কিছু গুরুত্বপূর্ণ আলামত উদ্ধার করা হয়। মামলাটি গভীর তদন্তের স্বার্থে প্রকাশিত সহযোগী অন্যান্যদের নাম উল্লেখ করা সম্ভব হলো না।

প্রসঙ্গত, ২০২২ সালের ২২ নভেম্বর মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের মনোয়ার হোসেন নামের এক এনজিও কর্মীর সদর থানায় নারী চক্রের প্রধান হোতো প্রিয়া খানকে আসামি করে দণ্ডবিধির ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারায় একটি মামলা করেন। যার মামলা নম্বর-৩২। মামলার দিন রাতেই শহরের হোটেলবাজার এলাকার ভাড়া বাসা থেকে প্রধান আসামি নাজনীন খান প্রিয়াকে আটক করে পুলিশ। পরে মামলাটি ডিবির কাছে হস্তান্তর করা হয়। ডিবি মামলার দায়িত্ব পাওয়ার পর তদন্ত শুরু করে। তদন্তে নানা চাঞ্চল্যকর তথ্য বেরিয়ে আসে।

তদন্তের অংশ হিসেবে ৩০ নভেম্বর রাতে হোটেল আটলান্টিকায় অভিযান চালিয়ে অর্থ আদায় চক্রের হোতা মেহেরপুর শহরের অভিজাত হোটেল আটলান্টিকার মালিক মতিয়ার, মতিয়ারের ছেলে মামুন ও ছন্দা খাতুন নামের এক নারীকে গ্রেফতার করে পুলিশ। পরে ছন্দা খাতুন আদালতে জবানবন্দিতে চক্রের মূল হোতা হিসেবে চার সাংবাদিক ও এক আইনজীবীকে অভিযুক্ত করে আদালতে জবানবন্দি প্রদান করে।

এ নিয়ে গত ১ ডিসেম্বর মেহেরপুর প্রতিদিনে প্রধান শিরোনামে সংবাদ প্রকাশ হলে মেহেরপুরসহ আশেপাশের জেলাগুলোতে তোলপাড় ফেলে দেয়। এই মামলায় ইতোমধ্যে চার সাংবাদিকের মধ্যে মিজানুর রহমান জনিকে শোন এ্যারেস্ট দেখানো হয়েছে। তিনি মেহেরপুরে জেলা কারাগারে হাজত বাস করছেন। এছাড়াও হোটেল আটলান্টিকা কাণ্ড মামলায় শাহজাহান আলীকে দিয়ে পুলিশের কাছে গ্রেফতার হয়ে এ পর্যন্ত ৮ আসামি কারাগারে হাজত বাস করছেন। জবানবন্দিতে অভিযুক্ত বেশ কিছু আসামি পলাতকও রয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বিতরন করা হয়েছে।

বুধবার দুপুরে জীবননগর থানার চত্বর উপজেলার ৬০জন দফাদার ও গ্রাম পুলিশের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরন করা হয়।

জীবননগর-দামুড়হুদা সার্কেল এএসএসপি মুন্না বিশ্বাস প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কম্বল বিতরন করেন।

এসময় জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) আব্দুল খালেক, জীবননগর ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) স্বপন কুমার দাস, সেকেন্ড অফিসার সাব-ইন্সপেক্টর কেরামত আলী,নাহিরুল ইসলাম,সোহাগ হোসেনসহ থানার সকল অফিসার ফোর্স উপস্থিত ছিলেন।

জীবননগর উপজেলা গ্রাম পুলিশ অ্যাসোসিয়েশন সভাপতি আহার আলী বলেন,আমরা অনেক দিন ধরে চাকুরির সুবাদে দায়িত্ব পালন করে আসছি। কিন্তু এমন আনুষ্ঠানিকতার সাথে গ্রাম পুলিশদের কোন পুলিশ সুপার মহোদয় কোন শীতবস্ত্র বিতরন করেছেন বলে আমাদের জানা নেই। আমাদের জানামতে পুলিশ সুপারের পক্ষ থেকে গ্রাম পুলিশদের কম্বল বিতরন এটিই প্রথম। মানবিক পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন স্যারের এমন মহত উদ্যোগ আমাদেরকে কাজে কাজে অনুপ্রাণিত ও উৎসাহিত প্রদান করবে।

কম্বল বিতরন কালে প্রধান অতিথি জীবননগর-দামুড়হুদা সার্কেল এএসপি মুন্না বিশ্বাস বলেন,গ্রাম পুলিশও অনেক দায়িত্ব পালন করে থাকে বলেই গ্রাম অঞ্চলে পুলিশের কাজ করতে সুবিধা হয়। তিনি গ্রাম পুলিশদের উদ্দেশ্যে বলেণ,আপনারা এলাকায় যথাযথ দায়িত্ব পালন করবেন। আপনার পুলিশকে সহযোগীতা করলে এলাকায় অপরাধ প্রবণতা কমবে।

উথলীতে স্বাস্থ্য কর্মীদের সাথে ওয়েভ ফাউন্ডেশন ও

[redacted]

[redacted]

[redacted]

[

সরকারি চাকরিতে সাড়ে তিন লাখের বেশি পদ খালি: জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর ও অফিসে বেসামরিক জনবলের ৩ লাখ ৫৮ হাজার ১২৫টি পদ শূন্য রয়েছে।

বুধবার সংসদে প্রশ্নোত্তরে এ তথ্য জানান তিনি। স্পিকার শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে চলমান অধিবেশনে প্রশ্নোত্তর টেবিলে উপস্থাপিত হয়।

কাজিম উদ্দিন আহম্মেদ এমপির প্রশ্নের জবাবে জনপ্রশাসন প্রতিমন্ত্রী জানান, জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে সর্বশেষ প্রকাশিত স্ট্যাটিসটিকস অব সিভিল অফিসার্স অ্যান্ড স্টাফস-২০২১ এর (২০২২ সালের জুনে প্রকাশিত) তথ্য অনুযায়ী- সরকারের অধীনে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর ও সরকারি কার্যলয় সমূহে বেসামরিক জনবলের মোট শূন্য পদ ৩ লাখ ৫৮ হাজার ১২৫টি।

এর মধ্যে প্রথম শ্রেণির ৪৩ হাজার ৩৩৬টি, দ্বিতীয় শ্রেণির ৪০ হাজার ৫৬১, তৃতীয় শ্রেণির ১ লাখ ৫১ হাজার ৫৪৮ এবং চতুর্থ শ্রেণি পদে শূন্য পদ ১ লাখ ২২ হাজার ৬৮০টি।

তিনি আরও জানান, সরকারি অফিসগুলোর শূন্য পদের নিয়োগ চলমান প্রক্রিয়া।

জাতীয় পার্টির এমপি মুজিবুল হক চুন্নুর প্রশ্নের জবাবে জনপ্রশাসন প্রতিমন্ত্রী জানান, ৪০তম বিসিএসের নন-ক্যাডার পদে ৫ হাজার ৪৩৬টি শূন্য পদের চাহিদাপত্র পাওয়া গেছে। এগুলো যাচাই-বাছাই শেষে প্রকৃত সুপারিশযোগ্য শূন্য পদের সংখ্যা জানানো সম্ভব হবে।

সংরক্ষিত মহিলা আসনের এমপি শামসুন নাহারের প্রশ্নের জবাবে ফরহাদ হোসেন বলেন, স্ট্যাটিসটিকস অব সিভিল অফিসার্স অ্যান্ড স্টাফস-২০২১ প্রতিবেদন অনুযায়ী দেশের সরকারি চাকরিজীবীর সংখ্যা ১৫ লাখ ৫৪ হাজার ৯২৭ জন। এর মধ্যে নারী ৪ লাখ ৪ হাজার ৫৯১ জন, যা মোট চাকরিজীবীর প্রায় ২৬ শতাংশ। ২০১০ সালে এ হার ছিল ২১ শতাংশ।

তিনি আরও জানান, প্রথম শ্রেণির পদে নারীদের জন্য আলাদা কোটা না থাকলেও ১৩ থেকে ২০তম গ্রেডে নিয়োগে নারীদের জন্য ১৫ শতাংশ কোটা সংরক্ষণ করা আছে।

সূত্র: যুগান্তর